# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-09-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ কলকাতা সফরে এসে "সোনার বাংলা" গড়ার লক্ষ্যে আগামী বিধানসভা নির্বাচনে সরকার পরিবর্তনের ডাক দিয়েছেন। তিনি আজ কলকাতায় বেশ কয়েকটি পুজোর উদ্বোধন করেন।

২) রাজ্যে পুজোর আমেজ শুরু। মন্ডপে মন্ডপে বিকেল থেকেই মানুষের ঢল। এদিকে রাজ্য সরকারের অফিসগুলিতে আজ থেকেই শুরু হল পুজোর ছুটি।

৩) নবমী-দশমীতে কলকাতা সহ দক্ষিণবঙ্গে ভারি বর্ষণের পূর্বাভাস।

৪) প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের আজ হাইকোর্টে জামিন হলেও এখনই জেল মুক্তি হচ্ছে না।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ওড়িশার ঝারসুগড়ায় বিএসএনএলের ফোরজি পরিষেবার উদ্বোধন করবেন বলে সংস্থার পক্ষ থেকে কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে জানানো হয়েছে।

৬) পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন রাজ্যে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে। বর্ণপরিচয়ের স্রষ্টার স্মৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রী।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ বিধানসভা নির্বাচনের পর বাংলায় পরিবর্তনের ডাক দিয়েছেন। পশ্চিমবঙ্গ সফরে আজ উত্তর কলকাতায় সন্তোষ মিত্র স্কোয়ারের পুজো উদ্বোধন করেন তিনি। সন্তোষ মিত্র স্কোয়ারে এবারের থিম- 'অপারেশন সিঁদুর'। শ্রী শাহ্ বলেন, এই নির্বাচনের পর বাংলায় এমন সরকার ক্ষমতায় আসুক যারা 'সোনার বাংলা' নির্মাণ করবে। এজন্য তিনি দুর্গা মায়ের কাছে প্রার্থনা করেন।

বাইট অমিত

শ্রী শাহ্ বলেন, বাংলায় দুর্গাপুজোর এই মহান ঐতিহ্যকে সারা বিশ্ব আনন্দের সঙ্গে গ্রহণ করেছে। পাশাপাশি স্বরাষ্ট্রমন্ত্রী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিনে তাঁকে শ্রদ্ধা জানান। এর আগে এক্স হ্যান্ডেলের এক বার্তায় অমিত শাহ্, বিদ্যাসাগরকে মহান সমাজ সংস্কারক বলে উল্লেখ করে জানান, স্ত্রী শিক্ষা, বিধবা বিবাহ এবং কুসংস্কারমুক্ত সমাজ গঠনের জন্য তিনি আজীবন কাজ করে গেছেন।

সেখান থেকে স্বরাষ্ট্রমন্ত্রী কালীঘাট পৌঁছন। মাতৃ মন্দিরে পুজো'ও দেন তিনি। কালিঘাটের পর শ্রী শাহ সল্টলেক ইজেডসিসি-র দুর্গাপুজোর উদ্বোধনও করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী।

অন্যদিকে, স্বরাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানাতে বিজেপির লাগানো পোস্টার তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা ছিঁড়ে দিয়েছে বলে দলের তরফে দাবি করা হয়েছে। এব্যাপারে থানায় অভিযোগ'ও দায়ের করেছে বিজেপি।

উল্লেখ্য, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ রাজ্য বিজেপির কর্তাব্যক্তিরা শ্রী শাহ-র সঙ্গে ছিলেন।

কলকাতা সফর শেষ করে শ্রী শাহ দিল্লী ফিরে গেছেন।

---------------------

আনুষ্ঠানিকভাবে তিথি অনুযায়ী দুর্গাপুজো শুরু না হলেও শারোদৎসবের আমেজে মেতেছে বাংলা। ভিড় এড়িয়ে ঠাকুর দেখার জন্য আজ সকাল থেকেই কলকাতামুখী দর্শণার্থীদের ঢল। বিকেল হতে না হতেই শহরের বিখ্যাত পুজো মন্ডপগুলিতে ভিড় বেড়েছে। আলোর মালায় সেজে উঠেছে মহানগরী।

এদিকে, কলকাতা পুলিশের উদ্যোগে আজ ৪২০ জন প্রবীণ মানুষ এবং ২৩০ জন বিশেষভাবে সক্ষম ছেলেমেয়েকে শহরের বিভিন্ন পুজো মন্ডপ ও প্রতিমা ঘুরে দেখানো হয়। ২২ টি বাসে পুজো দেখানোর পাশাপাশি নিখরচায় দিনভর খাওয়াদাওয়ারও আয়োজন করা হয়েছিল। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা যাত্রার শুরুতে সকলের সআথে শুভেচ্ছআ বিনিময় করেন। তাদের ফুল দিয়ে স্বাগতও জানান। কলকাতা পুলিশের এই উদ্যোগে খুশী প্রবীণ ও বিশেষভাবে সক্ষম মানুষরা।

অন্যদিকে, উত্তর ২৪ পরগণার বারাসাত-টাকি রোডে দমকা হাওয়ায় আজ একটি পুজো মন্ডপের ইলেক্ট্রিক তোরণ রাস্তার ওপর ভেঙে পড়ে। সাধারণ মানুষের কোনো বিপদ না হলেও একটি টোটো সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত। ঐ গেটটির খুঁটি ঠিকভাবে না পোঁতায় দমকা হাওয়ায় সেটি ভেঙে পড়ে বলে জানা গেছে। ইতোমধ্যেই পুলিশ প্যান্ডেল নির্মাণ সংস্থার একজনকে আটক করেছে।

---------------------

পূর্বমধ্য এবং সংলগ্ন উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে তৈরি নিম্নচাপটি ঘনীভূত হয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। এটি ক্রমে দক্ষিণ ওড়িশা এবং সংলগ্ন উত্তর অন্ধ্রপ্রদেশ উপকূলের দিকে অগ্রসর হয়ে আগামীকাল ওই এলাকা অতিক্রম করবে।

# একটি প্রতিবেদন

----------------------

রাজ্য  সরকারি অফিস গুলিতে  আজ  পুজোর ছুটি শুরু হয়েছে। দুর্গাপুজো এবং লক্ষ্মীপুজো মিলিয়ে ছুটি চলবে ৭ই অক্টোবর পর্যন্ত। তবে শনিবার ও রবিবার সহ নির্দিষ্ট কিছুদিন ছাড়া প্রতিদিনই কয়েকজন করে আধিকারিক অফিসে আসবেন। সেই অনুযায়ী, প্রতিটি দফতরে তৈরি হয়েছে রোস্টার। নবান্নের কন্ট্রোল রুমও ২৪ ঘণ্টা চালু থাকবে। সেখানে প্রতিদিন দুটি শিফট চলবে একজন করে ডব্লুবিসিএস আধিকারিকের নেতৃত্বে।

----------------------

প্রাথমিকে শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্ট প্রাক্তন শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের শর্ত সাপেক্ষে জামিন মঞ্জুর করেছে। এর ফলে প্রাক্তন শিক্ষামন্ত্রীর জেল মুক্তির পথ প্রসারিত হলেও, এখনই তিনি ছাড়া পাচ্ছেন না।  বিচারপতি শুভ্রা ঘোষের এজলাসে গত ১৫'ই সেপ্টেম্বর জামিন মামলার শুনানি শেষ হয়েছিল। আজ রায় ঘোষণায় বিচারপতি ঘোষ জানিয়েছেন, শর্ত হিসেবে বেশ কিছু নির্দেশ তাঁকে মেনে চলতে হবে।  আদালতের অনুমতি ছাড়া এলাকার বাইরে তিনি যেতে পারবেন না। থাকতে পারবেন না কোনো সরকারি পদেও।  জমা রাখতে হবে পাসপোর্ট। তদন্তে সহযোগিতা করার পাশাপাশি কোনো সাক্ষীকে প্রভাবিত করাও যাবেনা বলে আদালত জানিয়েছে।  গত ১৮'ই আগস্ট সুপ্রিম কোর্ট জানিয়েছিল, যে মামলাগুলিতে পার্থ চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে এখনো চার্জ গঠন হয়নি, চার সপ্তাহের মধ্যে তা' করতে হবে এবং সাক্ষীদের বয়ান রেকর্ড'ও দুমাসের মধ্যে শেষ করতে হবে। তা' না হওয়া পর্যন্ত ছাড়া পাবেন না পার্থ।

উল্লেখ্য, ২০২২-এর ২২ শে জুলাই ইডি, পার্থ চট্টোপাধ্যায়কে গ্রেপ্তার করে। তাঁর বান্ধবী অর্পিতা মুখোপাধ্যায়ের দুটি ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে প্রায় ৫০ কোটি নগদ টাকা উদ্ধার হয়। মেলে বিপুল পরিমাণ গয়নাগাটি'ও। পরে CBI'ও তাঁকে গ্রেপ্তার করে।

এর আগে ইডি মামলায় সুপ্রিম কোর্টে জামিন পান প্রাক্তন শিক্ষা মন্ত্রী। কিন্তু আরো কয়েকটি মামলা থাকায় তিনি মুক্তি পাননি।

পার্থবাবুর শর্তসাপেক্ষ জামিন সম্পর্কে কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেন, এটা অত্যন্ত বিষয় যে, চোরের মুক্তি হয়, আর যাদের চুরি হল, তারা ণার খায়.

বাইট

----------------------

বিএসএনএল আগামী বছর কলকাতায় ফাইভ জি নেটওয়ার্ক চালু করার পরিকল্পনা নিয়েছে বলে সংস্থার তরফ থেকে জানানো হয়েছে। আজ টেলিফোন ভবনে এক সাংবাদিক সম্মেলনে কলকাতা টেলিফোনসের কনজিউমার মোবিলিটির জেনারেল ম্যানেজার সুব্রত সাহা একথা জানিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ওড়িশার ঝারসুগুরা থেকে দেশীয় প্রযুক্তিতে তৈরি বিএসএনএল-এর যে ফোর জি নেটওয়ার্কের সূচনা করবেন, তারই অঙ্গ হিসাবে আজকের এই সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছিল। সংস্থার জেনারেল ম্যানেজার গজালা ফয়জাল জানিয়েছেন, দেশীয় প্রযুক্তিতে তৈরি ফোর জি পরিষেবা প্রদানের ক্ষেত্রে বিশ্বের প্রথম পাঁচটি দেশের মধ্যে ভারত রয়েছে। সি ডট এবং টিসিএস-এর সঙ্গে যৌথ উদ্যোগে এই পরিষেবা প্রদান করা হবে। উল্লেখ করা যেতে পারে, পয়লা অক্টোবর বিএসএনএল প্ল্যাটিনাম জুবিলি উদযাপন করবে।

----------------------

সেবা ও সুশাসন অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ ধারাবাহিক - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার ভারতের মহাকাশ খাতকে অভূতপূর্ব উচ্চতায় পৌঁছে দিয়েছে।

একটি প্রতিবেদন

----------------------

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০৫ তম জন্মবার্ষিকীটি আজ রাজ্যজুড়ে যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হচ্ছে। তার স্মরণে কলকাতার কলেজ স্কোয়ারে বিদ্যাসাগরের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। এরপরে বিদ্যাসাগর একাডেমিতে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নেন তিনি। সেখানে গবেষক অচিন চক্রবর্তী বিদ্যাসাগর স্মারক বক্তৃতা দেন। পরে রাজ্য সরকারের তরফে সমাজের বিশিষ্ট ব্যক্তিদের হাতে বিদ্যাসাগর দিনময়ী পুরস্কার তুলে দেওয়া হয়। সচিবালয় নবান্নেও বিদ্যাসাগরের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মবার্ষিকীতে তাকে শ্রদ্ধা জানিয়েছেন।

--------------------- ---------------------